حکایات لطیف

সহজ হিকায়াতে লতীফ

[ফারসী-বাংলা]

মুফতী কবির আহমাদ আশরাফী

آسان حکایاتِ لطیف

সহজ হিকায়াতে লতীফ

[ফারসী-বাংলা]

অনুবাদ ও ব্যাখ্যা

মুফতী কবির আহমাদ আশরাফী

আরেফবিল্লাহ শাহ হাকীম মুহাম্মাদ আখতার রহ. ও
শায়খুল ইসলাম মুফতী তাকী উসমানী দা.বা. এর সংশ্রবপ্রাপ্ত
মুফতী ও মুহাদ্দিস, জামি'আ বিন্‌নূরিয়া আল-ইসলামিয়া, ঢাকা

সম্পাদনায়

হাফেয মাওলানা মুহাম্মদ হাবীবুর রহমান

শায়খুল হাদীস, মাদরাসা দারুর রাশাদ, মিরপুর, ঢাকা

আল-কাউসার প্রকাশনী

ইসলামী টাওয়ার, ১১, বাংলাবাজার, ঢাকা || পাঠক বন্ধু মার্কেট ৫০,বাংলাবাজার, ঢাকা

মোবা. ০১৭১৬৮৫৭৭২৮, ফোন- ৭১৬৫৪৭৭

প্রথম কথা

আরবী ভাষার পরেই রয়েছে ফারসীর স্থান। অনারবী ভাষায় সর্বপ্রথম ফারসীতে কুরআনের অনুবাদ হয়েছিল। মোগল আমলে প্রায় ৮০০ বছর ফারসী হিন্দুস্তানের রাষ্ট্রীয় ভাষা ছিল। তখন এ ভাষায় প্রচুর ইলমী কাজ হয়েছে। মোগল রাজত্বের পতন ও হিন্দুস্তান বিভক্তির পর ফারসীর স্থান অনেকটা উর্দূ ভাষা দখল করে নিয়েছে এবং ফারসী ভাষা প্রচার-প্রসারের গতি কিছুটা কমেছে। তবে এ ভাষার গুরুত্ব এখনও শেষ হয়ে যায়নি। এ ভাষায় প্রচুর দ্বীনী কিতাব ও ইলমী উপকরণ রয়েছে। ফারসী কবি ও সাহিত্যিক মাওলানা জালালুদ্দীন রূমী (মাছনাভী এর গ্রন্থকার), মোল্লা আব্দুর রহমান জামী (ইউসুফ ও যুলেখা এবং লাইলী ও মাজনুঁ এর গ্রন্থকার), ফিরদাউসী (শাহনামা এর গ্রন্থকার), হাফেজ শিরাজী (দীওয়ানে হাফেজ এর গ্রন্থকার), শেখ সাদী (গুলিস্তাঁ ও বোস্তাঁ এর গ্রন্থকার) ও শেখ ফরীদুদ্দীন আত্তার (পান্দনামা এর গ্রন্থকার) এদের কে না চিনে? তাদের দ্বীনী খেদমাত অপরিসীম।

ফারসী ভাষার মাধুর্য এখনও বাকী আছে। আফগানিস্তান, উযবিকিস্তান, তাজিকিস্তান, তুর্কী এবং ইরানসহ অনেক দেশে ফারসী ভাষার প্রচলন রয়েছে। এ ভাষায় নতুন নতুন অনেক কিতাব প্রকাশ পাচ্ছে। তাই ভাষাবিদ ও ভাষা শিক্ষার্থীদের নিকট ফারসী ভাষার গুরুত্ব মোটেও কম নয়। ছাত্রদের সহজে ফারসী শিক্ষাদানের মহান উদ্দেশ্য নিয়ে হাফেয হযরত মাওলানা হাবীবুর রহমান সাহেব 'হিকায়াতে লতীফ' কে সহজ বাংলা ভাষায় প্রকাশ করার উদ্যোগ নিয়েছেন। হুযূরের আদেশ পূরণের লক্ষ্যে অধমের এ প্রচেষ্টা। কিতাবটির যে কোন গঠনমূলক সমালোচনা, উপদেশ ও পরামর্শ সাদরে গৃহীত হবে। সর্বশেষে আমি দু'আ করছি কিতাবটি যেন আল্লাহ তা'আলার দরবারে মাকবুল হয় এবং আমার ও আমার সংশ্লিষ্টদের নাজাতের অসীলা হয়। আমীন ইয়া রব্বাল 'আলামীন!

কবির আহমাদ আশরাফী
২৫ আগস্ট ২০১০
kabir323@gmail.com

-ঃ সূচীপত্র ঃ-

ഇ ര

حکایت (۱) دو زن در طفلے منازعت می کردند و گواہ نداشتند۔ ہر دو پیشِ قاضی رفتند و انصاف خواستند۔ قاضی جلّاد را طلبیدہ فرمود۔ ایں طفل را دو پارہ کن و بہر دو زناں بدہ۔ زناں چوں ایں سخن بشنیدید، یک زن خاموش ماند وزنِ دیگر شور و فریاد آغاز کرد۔ وگفت اے قاضی! برائے خدا طفلِ مرا دو نیم مکن۔ اگر چنیں انصاف است طفل را نمی خواہم۔ قاضی بہ یقین پنداشت کہ مادرِ طفل ہمیں ست۔ طفل را بأو سپرد۔ وزنِ دیگر را تازیانہ زدہ براند۔

শব্দ বিশ্লেষণ (১) طفلے - یائے واحد অর্থ: একটি ছেলে, منازعت - পরস্পরে ঝগড়া করা, می کردند - جمع غائب ماضی استمراری از کردن, گواہ - সাক্ষ দানকারী, جلاد - জল্লাদ, طلبیدہ فرمود - ماضی معطوفہ ডেকে বলল, پارہ - খণ্ড/টুকরা, بدہ - امر حاضر معروف از دادن, نیم - টুকরা, پنداشت - واحد غائب ماضی مطلق معروف از پنداشتن, مادر - মা, تازیانہ - চাবুক/দুররা।

ঘটনা (১) দুই মহিলা একটি ছেলের ব্যাপারে ঝগড়া করছিল এবং কারো নিকট কোন সাক্ষি ছিল না। দুনো মহিলা কাজীর নিকট গেল এবং ন্যায় বিচার দাবি করল। কাজী জল্লাদকে ডেকে বলল যে, এ বাচ্চাকে দুই খণ্ড কর এবং দুই মহিলাকে দিয়ে দাও। মহিলারা যখন এ কথা শুনল, একজন মহিলা চুপ থাকল এবং অপর জন চিল্লাচিল্লি ও কান্নাকাটি শুরু করল। আর বললঃ হে কাজী! আল্লাহর ওয়াস্তে আমার বাচ্চাকে দুই টুকরা করবেন না। যদি এটাই ন্যায় বিচার হয় তাহলে আমি বাচ্চা চাই না। কাজী দৃঢ়ভাবে জানতে পারল যে, বাচ্চার (আসল) মা এনিই। বাচ্চা তাকে দিয়ে দিল এবং দ্বিতীয় মহিলাকে দুররা মেরে তাড়িয়ে দিল।

حکایت (۲) شخصے پیشِ پادشاہے رفت و عرض کرد کہ مردے ہمیشہ در خانۂ من می آید وبازنِ من دوستی دارد۔ لیکن من گاہے اُورا نمی بینم و نمی دانم کہ کیست۔ می خواہم کہ گرفتارش کنم۔ از حضرت اُمیدوار انصاف اَم۔ پادشاہ شیشۂ عطر باُورا دادہ فرمود کہ بزنِ خود بسپار وبگو کہ کسے مدہ۔ آں ہمچناں کرد۔ پادشاہ جاسوسے چند را برگماشت کہ گردِ خانۂ اُو بنشینند واز پارچۂ ہرکسے کہ بوئے آں عطر آید اُورا گرفتہ بیارند۔

শব্দ বিশ্লেষণ (২) پادشاہے - یائے واحد একজন বাদশাহ, خانہ - ঘর/বাড়ি, زنِ من - ترکیب اضافی আমার স্ত্রী, نمی بینم - واحد متکلم، نفی فعل حال معروف از دیدن দেখা, کیست - کاف استفہامیہ, حضرت - বাদশাহ, شیشۂ عطر - আতরের শিশি, جاسوس - গোয়েন্দা, برزائدہ - নির্ধারণ করল, گردِ خانہ - বাড়ির চারপাশে, پارچہ - কাপড়।

ঘটনা (২) এক ব্যক্তি বাদশাহর সামনে গেল এবং বলল যে, এক পুরুষ সর্বদা আমার ঘরে আসে এবং আমার স্ত্রীর সাথে বন্ধুত্ব রাখে। কিন্তু আমি কখনো তাকে দেখি না এবং সে কে আমি জানি না। আমি তাকে ধরতে চাই। বাদশাহর কাছে ন্যায় বিচারের আশা রাখি। বাদশাহ তাকে একটি আতরের শিশি দিয়ে বললঃ নিজ স্ত্রীকে দাও এবং বল যে, কাউকে দিবে না। লোকটি সেভাবেই করল। বাদশাহ কয়েকজন গোয়েন্দা নির্ধারণ করল যে, ঐ লোকটির বাড়ির চারপাশে বসে থাকবে এবং যে লোকটির জামা থেকে ঐ আতরের ঘ্রাণ আসবে তাকে ধরে নিয়ে আসবে।

القصہ حریف آں زن قابو یافتہ نزد زن برفت۔ وزنِ آں عطر را در پارچہ مالیدہ گفت کہ شوہر من اگرچہ مرا فرمود کہ کسے را ایں عطر مدہ لیکن تو کہ جان ودلِ منی اگر بکارت نیاید بچہ کار آید؟ الغرض چوں حریف از آں جا بر آمدہ جاسوساں ببوئے عطر سر راہش گرفتند۔ واَسیر کردہ پیشِ پادشاہ بروند۔ پادشاہ آں شخص مدعی را طلبیدہ گفت کہ حریفِ زنِ تو حاضر است۔ خواہ اُورا بکش یا بہ بخش۔

القصہ - মোদ্দাকথা, حریف - বিবাদি, قابو - সুযোগ, مالیدہ گفت - ماضی معطوفہ মেখে বলল, دلِ منی یعنی دلِ من ہستی - তুমি আমার অন্তর/ প্রাণ, بکارت یعنی بکارِ تو - তোমার কাজে, سر راہش - ش گرفتند এর مفعول - یعنی سر راہ گرفتندش রাস্তার মাথায় তাকে ধরে ফেলল, اَسیر - বন্দি, مدعی - দাবিদার, بکش - کشتن মাসদার থেকে امر حاضر ।

মোদ্দাকথা- ঐ মহিলার বন্ধু সুযোগ পেয়ে মহিলার নিকট গেল এবং মহিলা ঐ আতর তার জামায় মেখে বললঃ যদিও আমার স্বামী নিষেধ করেছে যে, এ আতর কাউকে দিবে না। কিন্তু তুমি তো আমার জান-প্রাণ, যদি তোমার কাজে না আসে তাহলে কার কাজে আসবে? বিবাদি ব্যক্তি (মহিলার বন্ধু) যখন সেখান থেকে বের হল তখন গোয়েন্দারা আতরের ঘ্রাণ দ্বারা রাস্তার মাথায় ঐ ব্যক্তিকে ধরে ফেলল এবং আটক করে বাদশাহর সামনে নিয়ে গেল। বাদশাহ সেই বাদি ব্যক্তিকে ডেকে বললঃ এই হল তোমার স্ত্রীর বন্ধু! চাইলে তাকে মার কিংবা মাফ করে দাও।

حکایت (۳) زنے پیشِ قاضی رفتند۔ وگفت کہ فلاں مرد بامن بزور زنا کرد۔ قاضی آں مرد راطلبید وپرسید کہ چرا آبروئے ایں زن ریختی؟ مرد انکار کرد۔ قاضی فرمود کہ دہ روپیہ جرمانہ بایں زن بدہ۔ناچار بموجب حکم قاضی زر بزن داد۔ زن چوں بیروں رفت، قاضی مرد را فرمود۔ بروو نقد خود را از زن باز بگیر۔ مرد چوں حکم یافت۔ دوید۔ ہر چند خواست کہ روپیہ ازاں زن باز بگیرد نتوانست۔ زن پیشِ قاضی باز آمد۔ عرض کرد کہ آں مرد روپیہ از من بزور باز می گیرد وہنوز نداده اَم۔ اگر مرضیٔ حضرت است بدہم۔ قاضی گفت۔ آن مرد کہ نقد را بزور از تو گرفتن نتوانست، بے رضائے تو چگونہ باتو زنا کرد؟ تو دروغ می گوئی۔ بِرو، نقد را بُاو بسپار۔ وباز ایں چنیں افتراء مکن۔

শব্দ বিশ্লেষণ (৩) آبرو - ইজ্জত, جرمانہ - জরিমানা, موجب - কারণ, زر - সোনা, دوید - واحد غائب بحث ماضی مطلق از دویدن অর্থ দৌড়াল। ہنوز - এ যাবত, مرضی - ইচ্ছা, حضرت - জনাব, افتراء - মিথ্যা, অপবাদ।

ঘটনা (৩) এক মহিলা বিচারকের সামনে গিয়ে বললঃ অমুক পুরুষ আমার সাথে জোরপূর্বক ব্যাভিচার করেছে। কাজী ঐ পুরুষকে ডেকে জিজ্ঞেস করলঃ এ মহিলার ইজ্জত নষ্ট করেছ কেন? পুরুষ অস্বীকার করল। কাজী বললঃ এ মহিলাকে দশ টাকা জরিমানা স্বরূপ দিয়ে দাও। কাজীর আদেশে বাধ্য হয়ে মহিলাকে দশ টাকা দিয়ে দিল। মহিলা যখন বেরিয়ে গেল, কাজী পুরুষকে বললঃ যাও তোমার টাকা মহিলার কাছ থেকে ফেরত নিয়ে নাও। পুরুষটি নির্দেশ পেয়ে দৌড়াল। সে যতই চেষ্টা করল মহিলার থেকে টাকা ফেরত নিতে পারল না। মহিলা কাজীর কাছে আবার এসে বললঃ এ পুরুষ আমার কাছ থেকে টাকা জোর করে নিচ্ছে। এখন পর্যন্ত আমি দেইনি। যদি হুযূরের মর্জি হয় তাহলে দিয়ে দেব। কাজী বললঃ যখন ঐ পুরুষ জোর করে তোমার থেকে টাকা নিতে পারছে না, তাহলে তোমার ইচ্ছা ব্যতীত তোমার সাথে কিভাবে যিনা করল? তুমি মিথ্যা বলছ। তার টাকা তাকে ফেরত দিয়ে দাও। আর কখনও এমন মিথ্যা বলবে না।

حکایت (۴) در شہرے انبارِ پنبہ بدزدے رفت۔ پنبہ فروشاں شکایت بہ پادشاہ برند۔ پادشاہ ہر چند تجسس فرمود، دزداں نیافت۔ اَمیرے عرض کرد کہ اگر فرمان باشد دزداں را بگیرم۔ پادشاہ حکم داد۔ امیر بخانۂ خود رفت و خرد و بزرگ شہر را بہ بہانۂ ضیافت طلبید۔ چوں ہمہ مرداں جمع شدند و نشستند، اَمیر دراں مجلس رفت و بروئے ہمہ مرماں نظر کرد و گفت چہ حرامزادہ و بے حیا و احمق مرداں اند کہ پنبہ را دزیدہ اند۔ و ریزہ ہائے پنبہ در ریشہائے ایشاں جا کردہ است۔ و ہمبراں حال در مجلس من آمدہ اند۔ چند کس ہمہ وقت ریشہائے خود را از دست پاک کردند۔ اَمیر معلوم کرد کہ دُزداں ہمیں اند۔ بادشاہ بہ تدبیر اَمیر آفریں و تحسین نمود۔

শব্দ বিশ্লেষণ (৪) انبار - স্তুপ, پنبہ - তুলা, دزدی : حاصل بالمصدر - চুরি, فروشاں : امر حاضر - نون ও الف , اسم فاعل سماعی এর পর বাড়ানো হয়েছে অর্থ- বিক্রেতা, تجسس - খোঁজ করা, فرماں - আদেশ, خرد - ছোট, بزرگ - বড়, ضیافت - মেহমানদারী, حرام زادہ - অবৈধ সন্তান, بے حیا - নির্লজ্জ, احمق - আহমক/বোকা, ریزہ ہا : ریزہ এর বহুবচন - টুকরা, ریشہا - ریش এর বুহুবচন - চুল, آفریں - সাবাস, تحسین - প্রশংসা করা।

ঘটনা (৪) এক শহরে তুলার স্তুপ চুরি হল। তুলা বিক্রয়কারী বাদশাহর নিকট অভিযোগ নিয়ে গেল। বাদশাহ অনেক খোঁজ করে চোরদের পেল না। একজন মন্ত্রী বললঃ যদি নির্দেশ হয় তাহলে আমি চোর ধরব। বাদশাহ নির্দেশ দিলেন। মন্ত্রী নিজ বাসায় গেল এবং দাওয়াতের বাহানা করে শহরের ছোট-বড় সবাইকে ডাকল। যখন সবাই জমা হয়ে বসে গেল। মন্ত্রী ঐ মসলিসে গেল এবং সবার চেহারার দিকে তাকিয়ে বললঃ কত বড় হারামযাদা, বেশরম ও আহমক মানুষ যে, তুলা চুরি করেছে। তুলা তাদের চুলে লেগে আছে। আর এ অবস্থায় আমার মজলিসে এসেছে। তখন কয়েকজন লোক হাত দিয়ে নিজ চুল পরিস্কার করল। মন্ত্রী জেনে ফেলল যে, এরাই চোর। বাদশাহ মন্ত্রীর বুদ্ধি-বিবেচনার প্রশংসা করল।

حکایت(۵) شخصے پیشِ پادشاہ رفت وگفت۔ دی شب مردے از فوج بادشاہے بزور در خانۂ من آمد۔ وبزور باکنیز من زنا کرد۔ پادشاہ فرمود کہ اگر مرد بازور در خانۂ تو بیاید، ہماں دم مرا خبر کن۔ شب دوم آں مرد باز آمد ودر خانۂ اُو رفت۔ صاحبِ خانہ بادشاہ را خبر داد۔ بادشاہ شمشیرے در دست گرفت وباُو رواں شد۔ چوں بخانۂ اُو رسید۔ اوّل چراغ را کشت۔ وبعد ازاں آں مرد را بقتل رسانید۔ وباز چراغ را طلبید۔ وروئے آں مرد را دیدہ خدا را شکر کرد۔ وصاحبِ خانہ را گفت۔ ہر طعامے کہ ایں وقت در خانۂ تو موجود باشد۔ بیار۔ صاحبِ خانہ طعام آورد۔ بادشاہ بخوشی بسیار خورد۔

শব্দ বিশ্লেষণ (৫) دی شب - গত রাত, فوج - লশকর, باندی - বাঁদি, تلوار - তরবারি, چراغ را کشت - বাতি নিভিয়ে দিল, بیار - নিয়ে আস, اے خداوند - হে বাদশাহ, شفقت - মেহেরবানী।

ঘটনা (৫) এক ব্যক্তি বাদশাহর নিকট গিয়ে বললঃ গত রাতে বাদশাহর এক সেপাই জোরপূর্বক আমার বাসায় প্রবেয় করেছে এবং আমার বাঁদির সাথে যিনা করেছে। বাদশাহ বললঃ যদি ঐ ব্যক্তি আবার তোমার বাসায় আসে তাহলে আমাকে জানাবে। দ্বিতীয় রাত্রে সেই ব্যক্তি আবারও ঐ লোকের বাসায় গিয়েছে। ঘরের মালিক বাদশাহকে খবর দিল। বাদশাহ হাতে তরবারি নিয়ে ঐ লোকের সাথে রওয়ানা হল। যখন ঐ লোকের বাসায় পৌঁছল, প্রথমে বাতি নিভিয়ে দিল। তারপর ঐ ব্যক্তিকে হত্যা করার পর বাতি চাইল। সেই লোকের চেহারা দেখে আল্লাহর শুকর আদায় করল এবং বাড়ির মালিককে বললঃ তোমার বাসায় এ মুহূর্তে যে খাবার প্রস্তুত আছে নিয়ে আস। বাড়ির মালিক খাবার নিয়ে এল। বাদশাহ খুব আনন্দের সাথে খেল।

صاحبِ خانہ پرسید۔ اے خداوند! بہ چہ سبب اوّل چراغ را کشتند۔ بعد ازاں آں مرد را از چراغ دیدند۔ وچوں روئے آں مرد دیدند۔ شکر خدا کردند۔ وطعام بے وقت خورند؟ بادشاہ فرمود کہ پنداشتہ بودم کہ سوائے پسر من کسے راایں چنیں قدرت نیست۔ ازیں سبب اوّل چراغ را کشتم کہ اگر روئے پسرِ خود خواہم دید۔ از شفقت اورا نتوانم کشت۔ چوں کشتہ شد۔ چراغ راطلبیدم وروئے اُورا دیدم وخدا راشکر کردم کہ پسرِ من نیست۔ وآں وقت کہ از من انصاف بخواستی باخود گفتم کہ تا آں مرد رانہ کشتم ہیچ نخوردم۔ ازاں وقت تاایں دم ہیچ نہ خوردہ بودم۔ ازیں سبب سخت گرسنہ بودم وطعام بے وقت خوردم۔

خدارا شکر کرد - را হল ইযাফাতের আলামত অর্থাৎ شکرِ خدا، تا دمِ ایں - এখন পর্যন্ত, نخوردہ بودم - واحد متکلم منفی فعل ماضی بعید অর্থ: আমি খাইনি, گرسنہ - ক্ষুধার্ত।

বাড়ির মালিক জিজ্ঞেস করলঃ হে বাদশাহ! কি কারণে প্রথমে বাতি নিভালেন, আবার বাতি জেলে সেই লোককে দেখলেন, যখন তার চেহারা দেখলেন আল্লাহর শুকর আদায় করলেন এবং অসময়ে খাবার খেলেন? বাদশাহ বললঃ আমি ধারণা করেছিলাম যে, আমার ছেলে ছাড়া কেউ এ ধরণের সাহস করতে পারে না। এ কারণেই বাতি নিভিয়ে দিলাম যে, যদি আমার ছেলের চেহারা দেখি তাহলে মায়ার কারণে হত্যা করতে পারব না। যখন হত্যা করা হল, তখন আমি বাতি চাইলাম এবং তার চেহারা দেখে আল্লাহর শুকর আদায় করলাম যে, আমার ছেলে নয়। যখন তুমি আমার নিকট ন্যায় বিচার চেয়েছ তখন প্রতিজ্ঞা করেছিলাম যে, যতক্ষণ ঐ লোককে হত্যা না করব আমি কিছুই খাব না। তখন থেকে এ পর্যন্ত আমি কিছুই খাইনি। তাই অসময়ে খাবার খেলাম।

حکایت (٦) دانشمندے ہزار دینار عطارے را بپسر ده بسفر رفت۔ بعد از چند مدّت از سفر باز آمد ودینار از عطّار خواست۔ عطار گفت۔ دروغ می گوئی۔ مرانہ سپردهٔ۔ دانشمند باوے در آویخت۔ مردماں جمع شدند۔ ودانشمند را تکذیب کردند وگفتند۔ ایں عطار بسیار دیانتدار ست۔ گاہے خیانت نہ کرده۔ اگر بایں مناقشہ خواہی کرد، سزا خواہی یافت۔ ناشمند ناچار شد واحوال بر کاغذے نوشت۔ وپادشاه رانمود۔ پادشاه فرمود کہ برو۔ وبر دکان عطار سہ روز بہ نشیں۔ اُورا ہیچ مگو۔ روز چہارم من ازاں طرف خواہم رفت وترا اسلام خواہم کرد۔

শব্দ বিশ্লেষণ (৬) عطار - আতর বিক্রেতা, دینار - টাকা/স্বর্ণের মুদ্রা, دروغ - মিথ্যা, آویخت - واحد غائب ماضی مطلق معروف از آویختن - ঝুলানো, تکذیب - অস্বীকার করা, دیانتدار - আমানতদার, مناقشہ - ঝগড়া, ناچار - অপারক, احوال - অবস্থা।

ঘটনা (৬) এক জ্ঞানী ব্যক্তি এক হাজার দিরহাম এক আতর বিক্রেতার নিকট রেখে সফরে গেল। কয়েক দিন পর সফর থেকে ফিরে এসে আতর বিক্রেতার নিকট দিনার ফেরত চাইল। আতর বিক্রেতা বললঃ তুমি মিথ্যা বল। আমাকে (কোন দিরহাম) দাওনি। জ্ঞানী ব্যক্তি তার সাথে বাড়াবাড়ি করল। মানুষ জমা হয়ে গেল এবং জ্ঞানী ব্যক্তিকে মিথ্যাবাদি সাব্যস্ত করে বললঃ এ আতর বিক্রেতা অনেক বিশ্বস্ত, কখনো খেয়ানত করেনি। যদি এর সাথে ঝগড়া কর, তাহলে শাস্তি পাবে। জ্ঞানী ব্যক্তি অপারক হল এবং ঘটনা একটি কাগজে লিখে বাদশাহকে দেখাল। বাদশাহ বললঃ যাও! আতর বিক্রেতার দোকানে তিন দিন পর্যন্ত বস এবং তাকে কিছুই বলবে না। চতুর্থ দিন আমি ঐদিকে যাব এবং তোমাকে সালাম দেব।

سوائے جوابِ سلام ہیچ بامن نہ گوئی۔ چوں ازاں جا بروم۔ نقد خود را از عطار بخواہ۔ وآنچہ او بگوید۔ مرا خبر کن۔ دانشمند موافقِ حکم بادشاہ بر دکان عطار نشست۔ روز چہارم بادشاہ با حشمتِ بسیار آں طرف رفت۔ چوں دانشمند را دید۔ اسپ ایستادہ کرد۔ و بر دانشمند سلام خواند۔ دانشمند جواب سلام گفت۔ بادشاہ فرمود۔ اے برادر! گاہے نزدِ من نمی آئی۔ و ہیچ احوال بامن نمی گوئی۔ دانشمند سر بجنبانید۔ و دیگر ہیچ نہ گفت۔ عطار ایں ہمہ می دید۔ و می ترسید۔ چوں بادشاہ رفت۔ دانشمند را بگفت کہ ہر گاہ نقد مرا سپردہ بودی کجا بودم؟ و کدام شخص نزد من حاضر بود؟ باز بگو۔ شاید کہ فراموش کردہ باشم۔ دانشمند ہمہ احوال باز گفت۔ عطار گفت۔ راست می گوئی۔ حالاً مرا یاد آید۔ القصّہ ہزار دینار دانشمند را داد۔ و عذر بسیار نمود۔

نقد - টাকা, حشمت - শান-শওকত, کجا - কোথায়, کدام - কে, حالاً - এখন।

সালামের উত্তর ছাড়া আমার সাথে কোন কথা বলবে না। আমি যখন সেখান থেকে চলে যাব তখন আতর বিক্রেতার কাছে নিজ দিরহাম চাইবে এবং সে যা কিছু বলবে আমাকে জানাবে। জ্ঞানী ব্যক্তি বাদশাহর নির্দেশ মোতাবেক আতর বিক্রেতার দোকানে বসল। চতুর্থ দিন বাদশাহ খুব শান-শওকতের সাথে ঐদিকে গেল। জ্ঞানী ব্যক্তিকে দেখে ঘোড়া দাড় করালেন এবং জ্ঞানী ব্যক্তিকে সালাম দিলেন। বুদ্ধিমান সালামের উত্তর দিল। বাদশাহ বললঃ হে ভাই! তুমি কখনো আমার নিকট আস না এবং ভাল-মন্দ আমাকে জানাও না। বুদ্ধিমান শুধু মাথা নাড়াল। আর কোন কথা বলেনি। আতর বিক্রেতা এসব দেখছিল আর ভয় পাচ্ছিল। যখন বাদশাহ চলে গেল, আতর বিক্রেতা বুদ্ধিমানকে বললঃ যখন তুমি আমাকে টাকা দিয়েছিলে তখন আমি কোথায় ছিলাম এবং আমার কাছে কে উপস্থিত ছিল? ঘটনাটি আবার বল। সম্ভবত আমি ভুলে গেছি। বুদ্ধিমান পুরো ঘটনাটি আবার বলল। আতর বিক্রেতা বললঃ তুমি সত্য বলছ। এখন আমার মনে পড়ছে। মোদ্দাকথা, বুদ্ধিমানকে এক হাজার দিরহাম দিল এবং ক্ষমা প্রার্থনা করল।

حکایت (۷) دو کس مال خود پیر زنے را سپردند و گفتند کہ ہر گاہ ما ہر دو خواہیم آمد مال خواہیم گرفت۔ بعد از چند روز شخصے از آنہا نزد پیر زن آمد و گفت کہ شریک من مرد۔ حالاً مرا بدہ۔ پیر زن ناچار شد وداد۔ پس از چند روز شخص دیگر آمد ومال خواست۔ پیر زن گفت کہ شریکِ تو آمدہ بود۔ وترا مردہ ظاہر ساخت۔ ہر چند مبالغہ کردم وحجت آوردم لیکن سخن نہ شنید۔ وہمہ مال رابُرد۔ شخص مذکور پیر زن را پیشِ قاضی برد وانصاف خواست۔ قاضی بعد از تامل دریافت کرد کہ پیر زن بے تقصیر است۔ فرمود کہ اوّل شرط کردہ بودی کہ ہر گاہ ما ہر دو شریک میخواہیم آمد مال خواہیم گرفت۔ تو شریکِ خود را بیار۔ ومال بگیر۔ تنہا چگونہ بیائی؟ مرد لاجواب شدہ راہِ خود پیش گرفت۔

শব্দ বিশ্লেষণ (৭) پیر زنے-یائے وحدت - এক বৃদ্ধা মহিলা, حالاً - এখন, ناچار - অপারক, مبالغہ - কোন বিষয়ে সর্বাত্তক চেষ্টা করা, حجت - দলীল, تأمل - চিন্তা, بے تقصیر - নির্দোষ, بیار- صیغہ امر حاضر از آوردن আনা।

ঘটনা (৭) দুই ব্যক্তি নিজেদের মাল এক বুড়ি মহিলার নিকট রেখে বললঃ যখন আমরা দু'জন আসব, মাল ফেরত নেব। কয়েক দিন পর দু'জনের একজন বুড়ি মহিলার নিকট গিয়ে বললঃ আমার অংশীদার মারা গেছে, এখন আমাকে দাও। বুড়ি মহিলা বাধ্য হয়ে মাল দিয়ে দিল। কয়েক দিন পর দ্বিতীয় ব্যক্তি এসে মাল চাইল। বুড়ি মহিলা বললঃ তোমার অংশীদার এসেছিল এবং তোমাকে মৃত প্রকাশ করল। আমি অনেক চেষ্টা করেছি এবং তর্ক করেছি। কিন্তু সে কোন কথাই শোনেনি আর মাল নিয়ে গেছে। উক্ত ব্যক্তি বুড়ি মহিলাকে কাজীর নিকট নিয়ে গেল এবং ন্যায় বিচার চাইল। কাজী চিন্তা-ফিকির করে দেখল যে, বুড়ি মহিলা নির্দোষ। কাজী বললঃ তোমরা প্রথমে শর্ত দিয়েছ যে, আমরা দুনো অংশীদার একত্রে আসব এবং মাল ফেরত নেব। তাহলে নিজ অংশীদারকে নিয়ে আস এবং মাল নিয়ে যাও। তুমি একা কিভাবে এসেছ? সে ব্যক্তি নিরুত্তর হয়ে নিজ পথে চলে গেল।

حکایت(۸) غلامے از نزدِ صاحبِ خود گریخت۔ بعد از چند روز صاحبِ او در شہر دیگر رفت۔ آنجا غلام را دیدہ اُورا گرفت وگفت۔ چرا گریختی؟ غلام دست در دامنِ خواجہ زدہ گفت۔ تو غلامِ من ہستی۔ نقد بسیار از من دزدیدی وگریختی۔ حالاً کہ ترا یافتہ ام بر تو سیاست خواہم نمود۔ آخر الامر ہر دو پیش قاضی رفتند وانصاف خواستند۔ قاضی آں ہر دو را نزدِ دریچہ ایستادہ کردہ فرمود کہ یک بار ہر دو از دریچہ سرہا بیروں کنید۔ چوں سر بیروں کردند۔ قاضی جلّاد را فرمود کہ شمشیر بر سرِ غلام بزن۔ غلام چوں ایں سخن بشنید۔ دریں حال سرِ خود را اندروں کشید وصاحبِ او اصلاًنہ جنبید۔ قاضی غلام را سیاست کرد وبصاحبِ او بسپرد۔

শব্দ বিশ্লেষণ (৮) گریخت - صیغہ واحد غائب بحث ماضی مطلق معروف از گریختن - পালান, صاحبِ اُو - তার মালিক, خواجہ - সাহেব/মালিক, سیاست - শাস্তি, آخر الامر - সর্বশেষে, دریچہ - জানালা, سرہا - سر এর বহুবচন, تلوار - তরবারি, اندروں کشید - ভিতরে টেনে নিল, اصلاً - আসলে।

ঘটনা (৮) এক গোলাম মালিকের নিকট থেকে পালিয়ে গেল। কয়েক দিন পর মালিক অন্য এক শহরে গেল। সেখানে গোলামকে দেখে ধরে ফেলল এবং বললঃ তুই কেন পালিয়েছ? গোলাম মালিকের জামার কিনারা ধরে বললঃ তুই আমার গোলাম। অনেক টাকা চুরি করে পালিয়েছ। এবার পেয়েছি, এখন তোকে শাস্তি দেব। সর্বশেষে দুনোজন কাজীর নিকট গেল এবং ন্যায় বিচার চাইল। কাজী দুনোজনকে জানালার নিকট দাঁড় করে বললঃ একবার দুনোজন জানালা দিয়ে মাথা বাহিরে বের কর। যখন মাথা বের করল। কাজী জল্লাদকে বললঃ তরবারি গোলামের মাথার উপর মার। গোলাম যখন এ কথা শুনল, তখনি নিজের মাথা ভিতরে নিয়ে আসল এবং ওর মালিক একটুও নড়েনি। কাজী গোলামকে ধরে ফেলল এবং ওর মালিকের নিকট সোপর্দ করল।

حکایت (۹) شخصے مالِ بسیار صرّافی را سپردہ بسفر رفت۔ چوں باز آمد تقاضا نمود۔ صرّاف انکار ساخت وقسم خورد کہ مرا نہ سپردۂ۔ آں شخص پیشِ قاضی رفت واحوالِ خود گفت۔ قاضی تامل کرد وفرمود کہ کسے را مگو کہ فلاں صراف مال نمی دہد۔ تدبیرے برائے مال تو خواہم کرد۔ روزے دیگر قاضی آں صراف راطلبیدہ گفت۔ کارہائے بسیار بمن آمدہ است۔ تنہا انجامِ آں نمی توانم کرد۔ ترا نائبِ خود کردن می خواہم۔ زیرا کہ متدین ہستی۔ صراف قبول کرد وبسیار خوش گردید۔ چوں بخانہ رفت قاضی آں شخص راطلبید وگفت۔

শব্দ বিশ্লেষণ (৯) صرافے-یائے وحدت - টাকা বিক্রেতা, تقاضا - চাওয়া, تدبیرے - কোন তদবীর/ব্যবস্থা, متدین - দ্বীনদার, البتہ - অবশ্যই, وی شب - গত রাত, حیلہ - বাহানা।

ঘটনা (৯) এক ব্যক্তি বেশ কিছু মাল এক পোদ্দারের নিকট রেখে সফরে গেল। ফিরে এসে (মাল) ফেরত চাইল। পোদ্দার অস্বীকার করল এবং কসম খেল যে, আমাকে কোন মাল দেওনি। ঐ ব্যক্তি কাজীর নিকট গিয়ে নিজের অবস্থা জানাল। কাজী চিন্তা করে বললঃ কাউকে বলবে না যে, অমুক পোদ্দার মাল দিচ্ছে না। আমি তোমার মালের জন্য কোন ব্যবস্থা করব। দ্বিতীয় দিন কাজী ঐ পোদ্দারকে ডেকে বললঃ আমার নিকট অনেক কাজ এসেছে। আমি একা এ কাজ শেষ করতে পারছি না। তোমাকে আমার সহকারী করতে চাচ্ছি। কেননা তুমি একজন দ্বীনদার ব্যক্তি। পোদ্দার গ্রহণ করল এবং অনেক খুশি হল। যখন বাসায় গেল তখন কাজী ঐ ব্যক্তিকে ডেকে বললঃ

حالاً برو ومالِ خود رااز صراف بخواہ۔ البتہ خواہد داد۔ شخص مذکور پیشِ صراف رفت۔ صراف چوں روئے او دید گفت۔ بیا بیا۔ خوش آمدی۔ مالِ تو فراموش کردہ بودم۔ دی شب مرایاد آمد۔ القصّہ مالِ او داد واز طمع نیابت پیشِ قاضی رفت۔ قاضی گفت۔ امروز پیشِ پادشاہ رفتہ بودم۔ شنیدم کہ کارے بزرگ تراسپردن می خواہد۔ خدارا شکر کن۔ مرتبۂ بزرگ خواہی یافت۔ حالاً نائب دیگر برائے خود تلاش خواہم کرد۔ القصّہ قاضی اورابدیں حیلہ رخصت کرد۔

এখন যাও এবং নিজের মাল পোদ্দারের কাছে চাও, অবশ্যই দিয়ে দিবে। উক্ত ব্যক্তি পোদ্দারের নিকট গেল। পোদ্দার তার চেহারা দেখে বললঃ এসো! এসো! তুমি সঠিক সময়ে এসেছ। আমি তোমার মাল ভুলে গিয়েছিলাম। গত রাত্রে আমার মনে পড়েছে। মোদ্দাকথা, তার মাল ফেরত দিল এবং সহকারী হওয়ার লোভে কাজীর নিকট গেল। কাজী বললঃ আজ আমি বাদশাহর নিকট গিয়েছিলাম। শুনেছি এক বড় দায়িত্ব তোমাকে সোপর্দ করবেন। আল্লাহর শুকর আদায় কর, তুমি বড় পদ (মর্যাদা) পেয়েছ। আপাতত আমি অন্য সহকারী খোঁজব। মূলকথা, কাজী তাকে এ বাহানায় বিদায় করল।

حکایت (۱۰) زنے بازنِ ہمسایہ خود دشمنی داشت۔ شبے مئے بسیار خوردہ مست شد و طفل خود را کشت۔ و در خانۂ ہمسایہ انداخت۔ و صباح برو تہمت نہاد کہ طفل مرا کشتہ است۔ و اورا پیشِ قاضی برد۔ قاضی اول زنِ ہمسایہ را در خلوت طلبید۔ و بسیار ترسانید و گفت۔ راست بگو۔ ورنہ خواہم کشت۔ زن قسم خورد و انکار کرد۔ قاضی گفت اگر رو برائے من برہنہ شوی سخنِ تو راست پندارم۔ زن از حیا سر فرو کرد و گفت کہ مرا کشتہ شدن قبول است لیکن زنہار برہنہ نخواہم شد۔

শব্দ বিশ্লেষণ (১০) مئے - মদ, کشت - واحد غائب ماضی مطلق معروف از کشتن - মেরে ফেলা, صباح - সকালবেলা, خلوت - একাকিত্ব, ترسانیدن - مصدر متعدی - ভয় দেখানো, رو بروئے من - আমার সামনে, برہنہ - উলঙ্গ, راست - সঠিক/সত্য, حیا - শরম, سر فرو کرد - মাথা নিচু করল, زنہار - কখনো, زنِ فریادی - দাবিদার মহিলা, باور - বিশ্বাস, تازیانہ - চাবুক, قصوری - অপরাধ, دار - শূলি।

ঘটনা (১০) এক মহিলার নিজ প্রতিবেশী মহিলার সাথে শত্রুতা ছিল। এক রাত্রে অনেক বেশি মদ পান করে মাতাল হল এবং নিজ ছেলেকে মেরে প্রতিবেশীর বাসায় রেখে দিল। সকালে তাকে অপবাদ দিল যে, আমার ছেলেকে মেরে ফেলেছে এবং তাকে কাজীর নিকট নিয়ে গেল। কাজী প্রথমে প্রতিবেশী মহিলাকে নির্জনে ডেকে ভয় দেখিয়ে বললঃ সত্য বল না হয় তোমাকে মেরে ফেলব। মহিলা কসম খেয়ে অস্বীকার করল। কাজী বললঃ যদি আমার সামনে উলঙ্গ হও তাহলে তোমার কথা সঠিক বলে ধারণা করব। মহিলা লজ্জায় মাথা নিচু করল এবং বললঃ আমি মারা যাব কিন্তু উলঙ্গ হব না।

قاضی اورا رخصت کرد وزنِ فریادی را در خلوت طلبید و گفت۔ اگر پیشِ من برہنہ شوی سخنِ تو باور کنم۔ آں زن خواست کہ خود را برہنہ کند۔ قاضی اورا منع کرد و گفت کہ خود پسرِ خود کشتۂ۔ قاضی چوں چند تازیانہ اورا زد۔ آں زن اقرار کرد کہ خود تقصیر کردم و تہمت برو نہادم۔ القصہ قاضی اورا بر دار کشید۔

حکایت(۱۱) شخصے دو ہزار روپیہ در کیسۂ سر بمہر بقاضی سپرد و خود بسفر رفت۔ چوں باز آمد کیسۂ خود ہمچناں سر بمہر از قاضی گرفت۔ چوں بکشاد فلوس نہ دید۔ باز از قاضی مواخذہ نمود۔ قاضی گفت۔

শব্দ বিশ্লেষণ (১১) کیسہ - থলে, بکشاد - খুলল, فلوس - فلس এর বহুবচন অর্থ: পয়সা, مواخذہ - ধরা/জিজ্ঞাসাবাদ করা।

কাজী তাকে বিদায় করল এবং বাদি মহিলাকে নির্জনে ডেকে বললঃ যদি আমার সামনে উলঙ্গ হও তাহলে তোমার কথা সঠিক বলে বিশ্বাস করব। সে মহিলা উলঙ্গ হইতে চাইল। কাজী তাকে নিষেধ করে বললঃ তুমিই নিজের ছেলেকে মেরেছ। কাজী যখন ঐ মহিলাকে কয়েকটি চাবুক মারল। সে স্বীকার করল যে, আমিই দোষ করেছি এবং ঐ মহিলাকে অপবাদ দিয়েছি। মূলকথা, কাজী তাকে শূলী দিল।

ঘটনা (১১) এক ব্যক্তি দুই হাজার টাকা সিলকৃত একটি ব্যাগে কাজীকে সোপর্দ করল এবং নিজে সফরে চলে গেল। যখন ফেরত আসল নিজ থলে সিলকৃত অবস্থায় কাজীর কাছ থেকে ফেরত নিল। যখন খুলল তাতে টাকা দেখল না। অতঃপর কাজীকে জিজ্ঞাবাদ করল। কাজী বললঃ

برو دروغ می گوئی۔ مرا روپیہ ہا نمودہ نہ سپردہ بودی۔ کیسۂ سر بمہر چنانکہ سپردہ بودی باز گرفتی۔ مردماں و قاضی او را راندند۔ آں شخص پیشِ پادشاہ رفت واحوال خود عرض کرد۔ سلطان اندک تامل نمودہ فرمود کہ حالاً برو۔ و کیسہ را نزد من بدار کہ داد او خواہم داد۔ روزے دیگر پادشاہ مسند نو را کہ بر تخت بود۔ اندک پارہ نمودہ بشکار رفت۔ فراشے کہ آں روز خدمتِ او بود۔ چوں مسند را پارہ دید بترسید۔ ولزرزہ بداندام افتاد۔ فرّاشِ دیگر را نمود و گفت اگر پادشاہ خواہد دید مرا خواہد کشت۔ پرسید کہ دیگرے ایں سخن شنیدہ است یا مسند دیدہ۔ گفت نہ۔ گفت خود خاطر جمع دار کہ دریں شہر رفوگرے کامل است۔ مسند پیشِ او ببر۔ او آنچناں رفو خواہد کرد کہ کسے را نخواہد دریافت۔

روپیہ ہا - روپیہ এর বহুবচন অর্থ: টাকা, راندند - جمع غائب ماضی مطلق از راندن - তাড়ানো, اندک - অল্প, دادِ تو - ترکیبِ اضافی - তোমার ন্যায় বিচার, مسندِ نو - ترکیبِ اضافی - নতুন কার্পেট, رفوگرے - یائے وحدت - রিপুকারী।

যাও! তুমি মিথ্যা বলছ। আমাকে টাকা দেখিয়েতো সোপর্দ করনি। সিলকৃত থলে যেভাবে সোপর্দ করেছ সেভাবেই ফেরত নিয়েছ। লোকেরা এবং কাজী তাকে তাড়াল। সে ব্যক্তি বাদশাহর নিকট গিয়ে নিজ অবস্থা পেশ করল। বাদশাহ একটু চিন্তা করে বললঃ এখন যাও এবং থলেটি আমার নিকট রেখে যাও তোমার ন্যায় বিচার করব। দ্বিতীয় দিন বাদশাহ নতুন কার্পেট একটুখানি ছিড়ে রেখে শিকারে গেল। যে ব্যক্তি বিছানা পরিপাটি করে, কার্পেট ছিড়া দেখে ভয় পেল এবং কাঁপতে লাগল। দ্বিতীয় খাদেমকে দেখিয়ে বললঃ যদি বাদশাহ দেখে তাহলে আমাকে মেরে ফেলবে। জিজ্ঞেস করল যে, দ্বিতীয় কেউ এ কথা শুনেছে কিংবা কার্পেট দেখেছে? বললঃ না। সে বললঃ নিশ্চিন্তে থাক। এই শহরে একজন ভাল রিপুকারী ব্যক্তি আছে। এই কার্পেট তার কাছে নিয়ে যাও সে রিপু করে দিবে এবং কেউ ধরতেও পারবে না।

فراش بر دکانِ او رفت و مسند بر فوگر داد و گفت۔ ہر چہ بخواہی ترا بدہم لیکن بخوبی رفو کن۔ رفوگر نیم دینار خواست۔ فراش یک دینار او را بخشید۔ رفو گر در یک شب مسند را رفو کردہ باز داد۔ فرّاش روز دیگر آں را بر تخت گسترد۔ پادشاہ چوں آں مسند را درست دید، از فراش پرسید۔ ایں مسند را کہ رفو کردہ؟ فراش تجاہل نمود۔ پادشاہ فرمود۔ ہیچ مترس، برائے مصلحتے ایں را پارہ کردہ بودم۔ فراش نشان داد۔ پادشاہ چوں آں رفوگر را طلبید و پرسید کہ دریں سال کدام کیسہ رفو کردہٗ؟ گفت بلے۔

نیم دینار - আটআনা, درست - সঠিক, دیانت - আমানতদারি, اعتماد - ভরসা, زندان - জেলখানা, عبرۃ - শিক্ষা নেয়ার জন্য।

খাদেম তার দোকানে গেল এবং কার্পেট রিপুকারীর নিকট দিয়ে বললঃ তুমি যা চাও আমি তোমাকে দিব কিন্তু সুন্দরভাবে রিপু করে দাও। রিপুকারী ব্যক্তি আট আনা চাইল। খাদেম তাকে এক দিনার দিল। রিপুকারী ব্যক্তি এক রাতেই কার্পেট রিপু করে ফেরত দিল। খাদেম দ্বিতীয় দিন ঐ কার্পেট শাহী আসনে বিছাল। বাদশাহ যখন এই কার্পেটটি দেখল, খাদেমকে জিজ্ঞেস করলঃ এই কার্পেট কে রিপু করেছে? খাদেম না জানার ভান ধরল। বাদশাহ বললঃ ভয় পেও না। বিশেষ কারণে এই কার্পেটটি ছিড়েছিলাম। খাদেম ঠিকানা দিল। বাদশাহ ঐ রিপুকারীকে ডেকে জিজ্ঞাসা করলঃ এই বছর কোন থলে রিপু করেছ? সে বললঃ হ্যাঁ।

گفت آں کیسہ راببنی، شناسی؟ گفت۔ آرے۔ پادشاہ کیسہ رانمود۔ رفو گر کیسہ راشناخت وگفت۔ قاضی ایں شہر مرابرائے رفو دادہ بود۔ پادشاہ قاضی راطلبید وگفت۔ بر دیانتِ تو اعتماد تمام داشتم۔ بناء بر آں ایں منصبِ قضابتو دادم۔ نمی دانستم کہ دُزد ہستی۔ مالِ ایں شخص راچرا دزدی؟ گفت اے خداوند! کہ می گوید؟ گفت۔ من می گویم پس کیسہ رانمود۔ ورفوگر رانشان داد۔ قاضی شرمندہ شد۔ پادشاہ قاضی رادر زنداں فرستاد۔ ومالکِ کیسہ رافرمود کہ نقدِ خود رااز قاضی بگیر۔ قاضی ناچار نقد او را داد۔ وروزے دیگر پادشاہ قاضی را عبرۃ بردار کشید۔

বাদশাহ বললঃ যদি ঐ থলেটি তুমি দেখ তাহলে চিনবে? সে বললঃ হ্যাঁ। বাদশাহ ঐ থলেটি দেখাল। রিপুকারী থলেটি চিনে ফেলল এবং বললঃ এই শহরের কাজী আমার কাছে রিপু করতে দিয়েছিল। বাদশাহ কাজীকে ডেকে বললঃ আমি তোমার ধর্মপরায়নতার উপর বিশ্বাস রাখার কারণে এই পদে নিয়োগ দিয়েছিলাম। আমার জানা ছিলনা যে, তুমি চোর। এই ব্যক্তির মাল কেন চুরি করেছ? সে বললঃ হে বাদশাহ ! এ কথা কে বলে? অতঃপর থলেটি দেখাল এবং রিপুকারীর কথা বলল। কাজী লজ্জিত হল। বাদশাহ কাজীকে জেলে পাঠিয়ে দিল। থলের মালিককে বললঃ কাজীর কাছ থেকে নিজ টাকা ফেরত নাও। কাজী বাধ্য হয়ে টাকা দিল। বাদশাহ দ্বিতীয় দিন শিক্ষা নেয়ার জন্য কাজীকে শূলী দিল।

حکایت (۱۲) شخصے را کیسۂ دینار در خانہ گم شد۔ او بقاضی خبر کرد۔ قاضی ہمہ مردمانِ خانۂ او را طلبید۔ و بہر کس یک یک چوب داد کہ ہمہ آں چوبہا در طول برابر بودند و گفت۔ ہر کہ دزد است چوب او بقدر یک انگشت دراز خواہد شد۔ چوں ہمہ را رخصت کرد، شخصے کہ دزدیدہ بود، ترسید و چوب خود را بقدر یک انگشت تراشید۔ روز دیگر چوں قاضی ہمہ را طلبید و چوبہا دید معلوم کرد کہ فلاں دزد است۔ کیسۂ دینار را ازو گرفت و سیاست نمود۔

শব্দ বিশ্লেষণ (১২) چوب - কাঠ, طول - লম্বা, دزدیدہ بود - واحد غائب ماضی بعید - চুরি করেছে, بقدر یک انگشت - এক আঙ্গুল পরিমাণ, تراشیدن - কাটা।

ঘটনা (১২) এক ব্যক্তির দিনারের থলে বাসায় হারিয়ে গেল। সে কাজীকে খবর দিল। কাজী ঐ বাসার সবাইকে ডাকল এবং সবাইকে এক একটি কাঠ প্রদান করল। ঐ সবগুলি কাঠ লম্বায় সমান ছিল। সে বললঃ যে ব্যক্তি চোর তার কাঠ এক আঙ্গুল পরিমাণ লম্বা হয়ে যাবে। যখন সবাইকে বিদায় করল। যে ব্যক্তি চোর ছিল সে ভয় পেল এবং নিজের কাঠ এক আঙ্গুল পরিমাণ কেটে ফেলল। দ্বিতীয় দিন যখন কাজী সবাইকে ডাকল। কাঠগুলোকে দেখে জেনে ফেনে ফেলল যে, অমুক ব্যক্তি চোর। দিনার তার কাছ থেকে ফেরত নিল এবং শাস্তি দিল।

حکایت(۱۳) شخصے بایکے شرط کرد۔ اگر بازی نیابم یک آثار گوشت از اندام من تراش۔ چوں بازی نیافت۔ مدّعی ایفائے شرط خواست۔ او قبول نہ کرد۔ ہر دو پیشِ قاضی رفتند۔ قاضی مدّعی راگفت، معاف کن۔ او قبول نہ کرد۔ قاضی برہم شد وفرمود۔ لیکن اگر اندک یازیادہ از یک آثار خواہی تراشید۔ ترا سیاست خواہم نمود۔ مدعی نتوانست، ناچار شدہ معاف کرد۔

শব্দ বিশ্লেষণ (১৩) بازی - খেলা, بازی یافتن - খেলায় জিতা, آثار - এক সেরের ওজন, مدعی - দাবিদার, ایفاء - পূরণ করা, برہم - রাগ।

ঘটনা (১৩) এক ব্যক্তি এক লোকের সাথে বাজি ধরল যে, যদি আমি খেলায় না জিতি তাহলে তুমি আমার শরীর থেকে এক কেজি গোশত কেটে নেবে। যখন জিততে পারল না তখন দাবিদার ব্যক্তি শর্ত পূরণ করতে চাইল কিন্তু সে রাজি হল না। দুনোজন কাজীর নিকট গেল। কাজী দাবিদার ব্যক্তিকে বলল তুমি ক্ষমা করে দাও কিন্তু সে রাজি হল না। কাজী রাগান্বিত হয়ে বললঃ কেটে নাও কিন্তু যদি এক কেজির কম কিংবা বেশি কাট তাহলে তোমাকেকে শাস্তি দিব। দাবিদার ব্যক্তির পক্ষে সম্ভব ছিল না। বাধ্য হয়ে ক্ষমা করে দিল।

حکایت(۱۴) دو برادر مفلس بسفر رفتند۔ ودر راہ کیسۂ پر از زر ودو پارۂ لعل یافتند۔ برادر خرد گفت کہ غرض من حاصل شد۔ حالاً بخانہ خواہم رفت۔ برادر بزرگ گفت۔ من سیر جہاں خواہم کرد۔ آں زر را قسمت کردند۔ برادرِ کلاں حصہ خود رابہ برادرِ خُرد سپرد وگفت۔ بہ زنِ من بدہ۔ چوں اُو بخانہ رسید۔ حصۂ برادر رابہ زنِ او داد مگر لعل را نہ داد۔ بعد از سہ سال برادر کلاں از سفر بہ خانہ باز آمد۔ پارہ لعل را پیش زنِ خود نہ دید۔ از برادر پرسید کہ لعل چہ شد؟ گفت بہ زنِ تو دادم گفت۔ او می گوید کہ نیافتم۔ گفت دروغ می گوید۔ آں مرد زنِ خود را تنبیہ آغاز کرد۔ زن گریخت وپیشِ قاضی رفت واحوالِ خود باز نمود۔

শব্দ বিশ্লেষণ (১৪) مفلس - গরীব, لعل - দামী পাথর, برادرِ خرد - ছোট ভাই, قسمت - ভাগ করা, برادرِ کلاں - বড় ভাই, زنِ من - আমার স্ত্রী, گریاں - কাঁদতে কাঁদতে, عتاب - শাস্তি, دہانیدن - দেয়াল।

ঘটনা (১৪) গরিব দুই ভাই সফরে গেল। পথে স্বর্ণ ভর্তি একটি থলে এবং মুক্তার দু'টি টুকরা পেল। ছোট ভাই বললঃ আমার উদ্দেশ্য পূরণ হয়েছে। এখন আমি বাড়ি ফিরে যাব। বড় ভাই বললঃ আমিতো পৃথিবী ভ্রমণ করব। ঐ স্বর্ণ ভাগ করল। বড় ভাই নিজের অংশ ছোট ভাইকে সোপর্দ করে বললঃ আমার স্ত্রীকে দিয়ে দিবে। যখন সে ঘরে পৌঁছাল ভাইয়ের অংশ তার স্ত্রীকে দিয়ে দিল কিন্তু মুক্তা দেয়নি। তিন বছর পর বড় ভাই সফর থেকে বাড়ি ফিরল। মুক্তার টুকরা নিজ স্ত্রীর কাছে দেখতে পেল না। ভাইকে জিজ্ঞাস করল যে, মুক্তা কি করেছ? সে বললঃ তোমার বউকে দিয়েছি। ভাই বললঃ সেতো বলে আমি পাইনি। ছোট ভাই বললঃ সে মিথ্যা বলছে। বড় ভাই স্ত্রীকে মার-ধর শুরু করল। স্ত্রী দৌড়ে কাজীর নিকট গেল।

قاضیٔ شہر اورا با برادرِ او طلبید واز برادر پرسید کہ چوں لعل بایں زن سپردی کسے آں وقت حاضر بود؟ گفت دو کس۔ قاضی فرمود بطلب او آنہارا۔ اند کے نقد داد و گفت بمن بیائید و پیش قاضی بدروغ گواہی دہید۔ القصہ آں ہر دو گواہی دادند۔ قاضیٔ شہر آں مرد را فرمود کہ برو واز زنِ خود پارۂ لعل بگیر۔ زن گریاں پیشِ سلطان رفت واحوالِ خود عرض کرد۔ پادشاہ فرمود۔ چرا پیشِ قاضی نمی روی؟ گفت رفتہ بودم لیکن بخوبی انصاف نہ کرد۔ سلطان آں ہر دو برادر راو گواہاں راطلبید وہر یک راجدا کرد۔ وبدست ہر یک موم دادہ فرمود کہ بصورتِ آں لعل بسازند۔ آں ہر دو برادر یکساں ساختند وآں ہر دو گواہاں مختلف۔ سلطان زن را فرمود کہ تو ہم بساز۔ عرض کرد کہ لعل گاہے نہ دیدم چگونہ سازم؟ سلطان گواہاں راسیاست نمودہ فرمود کہ اگر راست بگوئید وگرنہ خواہم کشت۔

শহরের কাজী তাকে ও তার ভাইকে ডাকল এবং ছোট ভাইকে জিজ্ঞেস করল। যখন মুক্তা এই মহিলাকে সোপর্দ করেছ তখন কেউ উপস্থিত ছিল? সে বললঃ দুইজন ছিল। কাজী বললঃ তাদেরকে ডাক। সে ওদেরকে কিছু টাকা দিয়ে বললঃ তোমরা আমার সাথে এসো এবং কাজীর সামনে মিথ্যা সাক্ষ্য দাও। মোদ্দাকথা, দুনো ব্যক্তি সাক্ষ্য দিল। কাজী পুরুষকে বললঃ যাও তোমার স্ত্রীর কাছ থেকে মুক্তার টুকরা নিয়ে যাও। স্ত্রী কাঁদতে কাঁদতে বাদশাহর নিকট গেল এবং নিজের ঘটনা বলল। বাদশাহ বললঃ কেন কাজীর নিকট যাওনি? সে বললঃ গিয়েছিলাম কিন্তু সে ন্যায় বিচার করেনি। বাদশাহ দুনো ভাই এবং সাক্ষীদেরকে ডাকল। প্রত্যেক ব্যক্তিকে আলাদা করল এবং প্রত্যেকের হাতে এক একটি মোমবাতি দিয়ে বললঃ ঐ মুক্তার আকৃতি বানাও। দুনো ভাই একই ধরণের বানাল আর দুনো সাক্ষী ভিন্ন ধরণের বানাল। বাদশাহ মহিলাকে বললঃ তুমিও বানাও। সে বললঃ কিভাবে বানাব আমি কখনো মুক্তা দেখিনি। বাদশাহ সাক্ষীদেরকে ভয় দেখিয়ে বললঃ যদি তোমরা সত্য বল তাহলে ছেড়ে দেব। অন্যথায় হত্যা করব।

ناچار شدہ ہر دو گواہ عرض کردند کہ ماہر دو بدروغ گواہی دادیم۔ سلطان برادرِ خرد راچند تازیانہ زد۔ او اقرار کرد کہ تقصیر کردم۔ پادشاہ بر قاضی عتاب فرمود کہ چرا بخوبی انصاف نہ کردی۔ و لعل را بآں زن دہانید۔

حکایت (۱۵) جوانے پیر مردے را صد دینار سپرد و بسفر رفت۔ چوں باز آمد دینار خود خواست۔ پیر مرد انکار کرد کہ مرا نہ دادہٗ۔ جوان پیش قاضی صورت واقعہ ظاہر نمود۔ قاضی پیر مرد را طلبید۔ پرسید کہ ایں جوان زر بتو سپرد۔ گفت نہ۔ قاضی جوان را فرمود کہ کسے گواہ داری؟ گفت نہ۔ قاضی پیر مرد را گفت۔ سوگند بخور۔ جوان گریاں شد و گفت۔ او را از سوگند ہیچ باک نیست۔ بارہا سوگند خوردہ است۔

শব্দ বিশ্লেষণ (১৫) زر - স্বর্ণ, قسم - শপথ, گریاں - ক্রন্দনকারী, باک - ভয়, تبسم کرد - মুচকি হাঁসল, بر - امر از بردن - নিয়ে যাওয়া, لحہ - কিছুক্ষণ, راست - সঠিক, الزام - অপবাদ।

বাধ্য হয়ে দুনো সাক্ষী বললঃ আমরা দু'জন মিথ্যা সাক্ষ্য দিয়েছি। বাদশাহ ছোট ভাইকে কয়েকটি চাবুক মারল। সে স্বীকার করেছে যে, অপরাধ করেছি। বাদশাহ কাজীকে ধমকাল যে, সে কেন ভালভাবে বিচার করেনি। এবং মুক্তা ঐ মহিলাকে দিয়ে দিল।

ঘটনা (১৫) এক যুবক এক বৃদ্ধ লোককে একশত দিনার সোপর্দ করে সফরে গেল। যখন ফিরে এল নিজ দিনার ফেরত চাইল। বুড়া অস্বীকার করল যে, আমাকে দাওনি। যুবক কাজীর নিকট ঘটনা পেশ করল। কাজী বৃদ্ধকে ডেকে জিজ্ঞেস করল যে, এ যুবক তোমার নিকট স্বর্ণ সোপর্দ করেছে? বললঃ না। কাজী যুবককে বললঃ কোন সাক্ষী রেখেছ? বললঃ না। কাজী বৃদ্ধকে বললঃ তুমি কসম কর। যুবক কেঁদে বললঃ সে কসমকে ভয় পায় না। অনেক বার কসম করেছে।

قاضی جوان را گفت۔ آں وقت کہ زر باو بسپر دی کجا نشستہ بودی؟ گفت زیر درخت۔ قاضی گفت پس چرا گفتی کہ گواہ ندارم۔ آں درخت گواہ تست۔ نزد آں درخت رو۔ وبگو کہ قاضی ترا می طلبید۔ پیر مرد تبسم کرد۔ جوان گفت اے قاضی می ترسم کہ درخت از حکمِ تو نہ خواہد آمد۔ قاضی گفت، مہر من ببر وبگو کہ ایں مہر قاضی است۔ البتہ خواہد آمد۔ جوان مہر قاضی گرفتہ رفت پس قاضی بعد از چند لمحہ از پیر مرد پرسید کہ جوان نزد آں درخت رسیدہ باشد۔ مرد گفت کہ رسیدہ باشد۔ جوان چوں نزد آں درخت رسید، مہر قاضی نمود و گفت قاضی ترا می طلبید، از درخت ہیچ نہ شنید۔ غمگین باز آمد و گفت۔ مہر تو درخت را نمودم۔ ہیچ جواب نہ داد۔ قاضی گفت۔ در آمد و گواہی دادہ باز رفت۔

কাজী যুবককে বললঃ যখন তুমি তাকে স্বর্ণ সোপর্দ করেছ তখন কোথায় বসা ছিল? বললঃ গাছের নিচে। তাহলে কেন বললে যে, কোন সাক্ষী রাখি নাই। সেই গাছটিই তোমার সাক্ষী। সেই গাছের নিকট যাও এবং বলঃ কাজী তোকে ডাকে। বৃদ্ধ হাঁসল। যুবক বললঃ হে কাজী! আমি ভয় পাচ্ছি যে, গাছ আপনার নির্দেশে আসবে না। কাজী বললঃ আমার সিল মহর নিয়ে যাও এবং বল যে, এই কাজীর সিল। তাহলে অবশ্যই আসবে। যুবক কাজীর সিল নিয়ে চলে গেল। কিছুক্ষণ পর কাজী বৃদ্ধকে জিজ্ঞেস করলঃ যুবক মনে হয় এখন সেই গাছের নিকট পৌছেছে। বৃদ্ধ বললঃ সম্ভবত পৌছেছে। যখন যুবক সেই গাছের নিকট পৌছে কাজীর সিল দেখাল এবং বললঃ কাজী তোকে ডাকে। গাছের কোন উত্তর সে শুনতে পেল না। পেরেশান হয়ে ফেরত এল এবং বললঃ আপনার সিল গাছকে দেখিয়েছি কিন্তু কোন উত্তর দিল না। কাজী বললঃ গাছটি এসেছিল এবং সাক্ষ্য দিয়ে চলে গেছে।

پیر مرد گفت اے قاضی چہ سخن است؟ ہیچ درخت اینجانہ آمد۔ قاضی گفت راست می گوئی۔ نہ آمد۔ لیکن آں وقت کہ از تو پرسیدہ بودم کہ جوان نزد آں درخت رسیدہ باشد جواب دادی رسیدہ باشد۔ اگر تو زیر آں درخت نہ گرفتی چرا نہ گفتی کہ درخت کدام است، من نمی دانم۔ ازیں معلوم می شود کہ جوان راست می گوید۔ پیر مرد الزام یافت وزر بجوان داد۔

حکایت (١٦) ماہی گیرے ہمیشہ ماہیان دریا گرفتے ودر بازار فروختے۔ روزے یک ماہی زندہ گرفت۔ وآں چناں ماہی خوب گاہے نہ گرفتہ بود۔ در دلِ خود گفت کہ اگر ایں ماہی را در بازار فروشم زیادہ از دو سہ فلوس نخواہم یافت۔

শব্দ বিশ্লেষণ (১৬) ماہی گیر - জেলে, فلوس - পয়সা, مصلحت - ভাল, انعام - বখশিশ, خوشنود - খুশি, اسراف - অপচয়, خنثٰی - হিজড়া।

বৃদ্ধ বললঃ হে কাজী! ঘটনা কি? এখানেতো কোন গাছ আসেনি। কাজী বললঃ তুমি সঠিক বলছ যে, আসেনি। কিন্তু যখন আমি তোমার কাছে জিজ্ঞেস করলামঃ যুবক এখন ঐ গাছটির নিকট পৌছেছে। তুমি উত্তর দিয়েছঃ সম্ভবত পৌছেছে। যদি তুমি সেই গাছের নিচে (স্বর্ণ) গ্রহণ করনি তাহলে কেন বললে না যে, কোন গাছ? আমি জানি না। এর দ্বারা বুঝা গেল, যুবক সঠিক বলছে। বৃদ্ধ বাধ্য হয়ে যুবককে স্বর্ণ ফেরত দিল।

ঘটনা (১৬) এক জেলে সবসময় নদীতে মাছ ধরত এবং বাজারে বিক্রি করত। একদিন একটি জীবিত মাছ ধরল। এত সুন্দর মাছ কখনো ধরেনি। মনে মনে বললঃ যদি আমি এই মাছটি বাজারে বিক্রি করি তাহলে দুই তিন পয়সার চেয়ে বেশি পাবনা।

مصلحت آنست کہ پیش پادشاہ برم۔ البتہ بسیار انعام خواہد داد۔ القصہ ماہی راپیش بادشاہ برد۔ پادشاہ چوں ماہی رادید۔ بسیار پسندید وخوشنود شد وحکم کرد کہ ماہی گیر را صد روپیہ دہند۔ وزیر آں وقت حاضر بود۔ در گوش پادشاہ عرض کرد کہ برائے یک ماہی ایں قدر نقد دادن مصلحت نیست۔ پادشاہ جواب داد کہ اگر نہ دہم جائے شرم است۔ زیرا کہ حالاً حکم کردہ ام۔ وزیر گفت مصلحت آنست کہ از ماہی گیر پرسیدہ شود کہ ایں ماہی نر است یا مادہ۔ اگر گوید نر است مادہ رابخواہید۔ واگر گوید مادہ است نر رابخواہید۔ ماہی گیر مثل آں آوردن نخواہد یافت۔ وپادشاہ از اسراف بے جاباز آمد۔ و سخنِ اُو بر جاماند۔ پادشاہ سخن وزیر پسندید واز ماہی گیر پرسید کہ ایں ماہی نر است یا مادہ۔ ماہی گیر جواب داد کہ ایں ماہی خنثی است۔ پادشاہ بسیار خندید ودوصد روپیہ اورابخشید۔

এটাই ভাল হবে যে, মাছটি বাদশাহর নিকট নিয়ে যাই। সে অবশ্যই অনেক বখশিশ দিবে। মোটকথা, মাছটি বাদশাহর নিকট নিয়ে গেল। বাদশাহ যখন মাছটি দেখল, অনেক পছন্দ করল এবং খুশি হল। আদেশ করল জেলেকে একশ টাকা দিয়ে দাও। মন্ত্রী তখন উপস্থিত ছিল। সে বাদশাহকে কানে কানে বললঃ একটি মাছের জন্য এই পরিমাণ টাকা দেওয়া ঠিক হবে না। বাদশাহ বললঃ যদি আমি না দেই এটা লজ্জার বিষয়। কেননা আমি আদেশ করে ফেলেছি। মন্ত্রী বললঃ এটাই ভাল হবে যে, জেলেকে জিজ্ঞাসা করা হোক যে, মাছটি পুরুষ না নারী। যদি সে বলে পুরুষ তাহলে নারীকে আনতে বলবেন। আর যদি বলে নারী তাহলে পুরুষকে আনতে বলবেন। জেলে এর মত আরেকটি আনতে পারবে না। বাদশাহ অপচয় থেকে বেঁচে যাবেন এবং কথাও ঠিক থাকবে। বাদশাহ মন্ত্রীর কথা পছন্দ করল এবং জেলেকে জিজ্ঞেস করল যে, এই মাছটি পুরুষ না নারী? জেলে উত্তর দিল মাছটি হিজড়া (পুরুষও নয় নারীও নয়)। বাদশাহ খুব হাঁসল এবং তাকে দুইশ টাকা বখশিশ দিল।

حکایت(۱۷) چند سوداگراں پیش پادشاہے رفتند واسپاں رابرو عرض نمودند۔ پادشاہ بسیار پسندید وخرید ودو لک روپیہ زیادہ از قیمت سوداگراں رادادہ فرمود کہ از ملکِ خود باز اسپاں رابیارید۔ سوداگراں رخصت شدند۔ روزے پادشاہ در حالتِ مستی وخوشی وزیر راگفت۔ اسامیٔ جمیع احمقاں رابنویس۔ وزیر عرض کرد کہ پیش ازیں نوشتہ ام واوّل نامہائے ہمہ نام حضرت است۔ پرسید، چرا؟ گفت سوداگراں را دو لک روپیہ کہ برائے آوردنِ اسپاں بے ضامنی واطلاع مساکن آنہا عنایت شد۔ علامتِ حماقت است۔ پادشاہ گفت۔ اگر آنہا اسپاں را بیارید۔ پس چہ باید کرد؟ وزیر گفت اگر بیارند، نام حضرت از دفتر احمقاں محو خواہم کردند ونام سوداگراں آنجا خواہم نوشت۔

শব্দ বিশ্লেষণ (১৭) احمقاں - احمق এর বহুবচন- অর্থ: বোকা, نویس - লেখা, نام حضرت - বাদশাহর নাম, ضامنی - জামানত, مساکن - مسکن এর বহুবচন- অর্থ: ঘর–বাড়ি, حماقت - বোকামি, محو - মুছে ফেলা।

ঘটনা (১৭) কয়েকজন ব্যবসায়ী এক বাদশাহর নিকট গেল এবং বাদশাহকে ঘোড়া দিল। বাদশাহ অনেক পছন্দ করল এবং কিনে ফেলল। বাদশাহ ব্যবসায়ীদেরকে তাদের মূল্যের চেয়ে দুই লক্ষ টাকা বেশি দিয়ে বললঃ তোমাদের দেশ থেকে আবার ঘোড়া নিয়ে আসবে। ব্যবসায়ীরা বিদায় নিল। একদিন বাদশাহ খুব আনন্দিত হয়ে মন্ত্রীকে বললঃ সমস্ত বোকাদের নাম লিখ। তখন মন্ত্রী বলল যে, আমি আগেই লিখে ফেলেছি এবং সব নামের আগে জনাবের নাম রয়েছে। জিজ্ঞাসা করল কেন? বললঃ কোন জামানত ছাড়া ব্যসায়ীদেরকে দুই লক্ষ টাকা দেয়া এবং তাদের ঘর-বারের খবর নেয়া ছাড়া বখশিশ দেয়া বোকামির লক্ষণ। বাদশাহ বললঃ যদি তারা ঘোড়া নিয়ে আসে তাহলে কি করা হবে? মন্ত্রী বললঃ যদি নিয়ে আসে তাহলে জনাবের নাম বোকাদের তালিকা থেকে মুছে ফেলব এবং ব্যবসায়ীদের নাম সেখানে লিখে দেব।

حکایت(۱۸) روزے شاعرے تقصیرے کرد۔ پادشاہ جلاّد را فرمود کہ روبروئے من او را بکش۔ لرزہ بر اندام شاعر افتاد۔ ندیمے او را گفت ایں چہ نامردی وبے جگری است۔ مرداں گاہے ایں چنیں نمی ترسند۔ شاعر گفت اے ندیم اگر تو مرد۔ بیا، بجائے من بنشیں۔ تا من بر خیزم۔ پادشاہ ایں لطیفہ پسندیدہ خندید۔ و تقصیر او معاف فرمود۔

حکایت(۱۹) زنے می رفت۔ مردے اورا دید۔ وبدنبال او رواں شد۔ زن پرسید کہ چرا پسِ من می آئی۔ گفت بر تو عاشق شدہ ام۔ زن گفت۔ بر من چہ عاشق شدۂ؟ خواہر من از من خوب تر است واز پسِ من می آید۔ برو۔ و بر اُو عاشق شو۔

শব্দ বিশ্লেষণ (১৮) روبروئے من - আমার সামনে, لرزہ - কম্পন, اندام - শরীর, ندیمے - এক বন্ধু, بے جگری - ভীতি, لطیفہ - ভাল কথা।

শব্দ বিশ্লেষণ (১৯) دنبال - পিছনে/অনুসরণ, رواں شد - রওয়ানা হল।

ঘটনা (১৮) একদিন এক কবি অপরাধ করল। বাদশাহ জল্লাদকে বলল ঃ তাকে আমার সামনে হত্যা কর। কবি ভয়ে কাঁপতে লাগল। এক বন্ধু তাকে বলল ঃ এ কেমন কাপুরুষতা এবং ভীরুতা! পুরুষরা কখনো এভাবে ভয় পায় না! কবি বলল ঃ হে বন্ধু! যদি তুমি পুরুষ হও তাহলে এসো আমার স্থানে বস। আর আমি উঠে যাই। বাদশাহ এ সূক্ষ্ম কথাটি পছন্দ করে হেঁসে দিল এবং তার অপরাধ ক্ষমা করে দিল।

ঘটনা (১৯) এক মহিলা যাচ্ছিল। এক পুরুষ তাকে দেখে তার পিছে ছুটল। মহিলা জিজ্ঞেস করল ঃ তুমি আমার পিছনে আসছ কেন? বলল ঃ আমি তোমার প্রেমে পড়েছি। মহিলা বলল ঃ তুমি আমার প্রেমে পড়েছ কেন? আমার বোন আমার চেয়ে বেশি সুন্দরী। সে আমার পিছনে আসছে। যাও তার প্রেমিক হও।

مرد ازآنجابر گذشت وزن بد صورت دید۔ بسیار ناخوش گردید و باز نزد آں زن رفت وگفت۔ چرا دروغ گفتی؟ زن گفت۔ تو نیز راست نہ گفتی۔ زیراکہ تو اگر عاشقِ من بودے پیش دیگر چرامی رفتی؟ آں مرد شرمندہ شد ورفت۔

حکایت (۲۰) کوزہ پشتے را گفتند۔ می خواہی کہ پشت تو راست شود یا پشت دیگراں ہمچوں پشتِ تو کوز گردد۔ کوز گفت می خواہم کہ پشتِ دیگر مرداں کوز گردد۔ تا ازاں چشمے کہ دیگراں مرا می بینند من نیز آنہارا بہ بینم۔

শব্দ বিশ্লেষণ (২০) کوزہ پشتے- কুঁজো, پشت- পিঠ, کوز- কুজ।

পুরুষ সেখান থেকে চলে গেল এবং গিয়ে এক কুশ্রী মহিলাকে দেখতে পেল। সে খুব কষ্ট পেল এবং ঐ মহিলার নিকট গিয়ে বলল ঃ তুমি মিথ্যা কথা বলেছ কেন? মহিলা বলল ঃ তুমিও সঠিক কথা বলোনি। কেননা যদি তুমি আমার প্রেমিক হতে, তাহলে অন্য কারো নিকট কেন গেলে? সে পুরুষ লজ্জা পেল এবং চলে গেল।

ঘটনা (২০) এক কুঁজো পিঠ ওয়ালাকে লোকেরা জিজ্ঞেস করল ঃ তুমি কি চাও? তোমার পিঠ ঠিক হয়ে যাক নাকি অন্যদের পিঠ তোমার মত কুঁজো হয়ে যাক। কুঁজো পিঠ ওয়ালা বলল ঃ আমি চাই অন্যদের পিঠ কুঁজো হয়ে যাক। যাতে তারা আমাকে যে চোখে দেখে আমিও তাদেরকে সে চোখে দেখি।

حکایت(۲۱) شخصے ہر روز شش نان می خرید۔ روزے دوستے ازوے پرسید کہ شش نان ہر روز چہ می کنی؟ گفت۔ نانے را نگاہ می دارم و یک نان ازاں می اندازم و دو نان را واپس می کنم و دو نان را قرض می دہم۔ آں دوست گفت۔ سخنِ تو ہیچ نمی فہمیدم۔ صاف بگو۔ گفت۔ یک نان کہ می دارم، می خورم۔ و نانے کہ می اندازم، خوشدامن را می دہم۔ و دو نان کہ واپس می کنم، مادر و پدر را می دہم و دو نان کہ قرض می دہم، پسرانِ خود را می دہم۔

حکایت(۲۲) امیر تیمور لنگ چوں بہندوستان رسید، مطرباں را طلبید و گفت از بزرگاں شنیدم کہ دریں شہر مطرباں کامل اند۔

শব্দ বিশ্লেষণ (২১) شش نان - ছয়টি রুটি, نگاہ - সংরক্ষণ, خوشدامن - শাশুড়ি।

শব্দ বিশ্লেষণ (২২) امیر - বাদশাহ, تیمور - লোহা, لنگ - ল্যাংড়া, مطرباں - مطرب এর বহুবচন- অর্থ: গায়ক।

ঘটনা (২১) এক ব্যক্তি দৈনিক ছয়টি রুটি কিনত। একদিন এক বন্ধু তাকে জিজ্ঞেস করল ঃ তুমি দৈনিক ছয়টি রুটি দিয়ে কি কর? সে বলল ঃ একটি রুটি সংরক্ষণ করি আর একটি ফেলে দেই। আর দুটি ফেরত দেই এবং দুটি ধার দেই। বন্ধু বলল ঃ আমি তোমার কথা মোটেও বুঝতে পারিনি। পরিস্কাভাবে বল। সে বলল ঃ যে রুটিটি সংরক্ষণ করি তা আমি খাই এবং যে রুটিটি ফেলে দেই তা আমার শাশুড়ীকে দেই। আর যে দুইটি রুটি ফেরত দেই তা আমার মা-বাবাকে দেই এবং যে দুইটি রুটি ধার দেই তা আমার ছেলেদেরকে দেই।

ঘটনা (২২) বাদশাহ তায়মূর লঙ যখন হিন্দুস্তান পৌঁছল। তখন তিনি গায়কদেরকে ডেকে বলল ঃ বড়দের কাছে শুনেছি যে, এই শহরে অভিজ্ঞ গায়ক আছে।

مطربے نابینا پیش پادشاہ رفت وسرود آغاز کرد۔ پادشاہ بسیار خوش گردید ونامِ او پرسید۔ گفت نامِ من دولت ست۔ پادشاہ گفت۔ دولت ہم کور می شود؟ جواب داد اگر دولت گور نبودے بخانۂ لنگ نیامدے۔ پادشاہ ایں جواب راپسندید وانعام بسیار داد۔

حکایت (۲۳) شخصے نزد طبیب رفت وگفت شکم من درد می کند۔ دوا کن۔ طبیب گفت۔ امروز چہ خودۂ۔ گفت نانِ سوختہ۔ طبیب دوائے چشم او کردن خواست۔ آں شخص گفت۔ اے طبیب درد شکم را بچشم چہ نسبت؟ حکیم گفت۔ اوّل ترا دوائے چشم می باید کرد۔ زیرا کہ اگر چشمت بینا بودے نانِ سوختہ نمی خوردے۔

نابینا - অন্ধ, سرود- সংগীত, آغاز کرد- শুরু করল, کور - অন্ধ, انعام - বখশিশ।

শব্দ বিশ্লেষণ (২৩) طبیب - ডাক্তার, شکم - পেট, نان سوختہ - জলা রুটি।

একজন অন্ধ গায়ক বাদশাহর সামনে গিয়ে গাওয়া শুরু করল। বাদশাহ অনেক খুশি হল এবং তার নাম জিজ্ঞেস করল। সে বলল ঃ আমার নাম দৌলত (সম্পদ)। বাদশাহ বলল ঃ দৌলত কি কখনো অন্ধ হয়? গায়ক উত্তর দিল ঃ দৌলত যদি অন্ধ না হত তাহলে সে ল্যাংড়া-লুলার ঘরে কখনো আসত না! বাদশাহ এই উত্তরকে খুব পছন্দ করল এবং অনেক পুরস্কার দিল।

ঘটনা (২৩) এক ব্যক্তি ডাক্তারের কাছে গিয়ে বলল ঃ আমার পেটে ব্যথা। আমার চিকিৎসা করুন। ডাক্তার জিজ্ঞেস করল ঃ আজ কি খেয়েছ? সে বলল ঃ পোড়া রুটি। ডাক্তার তার চোখের চিকিৎসা করতে চাইল। সে ব্যক্তি বলল ঃ হে ডাক্তার! পেটের ব্যথার সাথে চোখের কি সম্পর্ক? ডাক্তার বলল ঃ তোমার আগে চোখের চিকিৎসা করানো উচিত। কেননা যদি তুমি চোখে দেখতে তাহলে পোড়া রুটি খেতে না।

حکایت(۲۴) روزے بادشاہے از شاعرے برنجید و جلاد را فرمود کہ او را رو بروئے من بکش۔ جلاد برائے شمشیر آوردن رفت۔ شاعر حاضراں را گفت۔ تا شمشیر آوردہ شود شما مرا سیلی ہا بزنید کہ پادشاہ خوش شود۔ پادشاہ تبسم نمود و تقصیر او بخشید۔

حکایت (۲۵) شاعرے توانگرے را مدح کرد۔ ہیچ نیافت۔ پس ہجو کرد۔ توانگر او را ہیچ نہ گفت۔ روزے دیگر شاعر بر دروازۂ او رفت ونشست۔ توانگر گفت اے شاعر مدح کردی ترا ہیچ ندادم۔ ہجو کردی ہیچ نہ گفتم۔ حالاً چرا ایں جا نشستی؟ گفت حالاً می خواہم کہ اگر بمیری مرثیۂ تو بگویم۔

শব্দ বিশ্লেষণ (২৪) شمشیر - তরবারি, سیلی - ঘুঁসি।

শব্দ বিশ্লেষণ (২৫) مدح - পশংসা, ہجو - কারো নিন্দা করা, مرثیہ - শোকগাতা।

ঘটনা (২৪) একদিন এক বাদশাহ এক কবির দ্বারা বিরক্ত হয়ে জল্লাদকে বলল ঃ তাকে আমার সামনে হত্যা কর। জল্লাদ তরবারি আনতে গেল। কবি উপস্থিত ব্যক্তিদের বলল ঃ তরবারি নিয়ে আসা পর্যন্ত তোমরা আমাকে চড় এবং ঘুষি মারতে থাক যাতে বাদশাহ খুশি হয়। বাদশাহ মুচকি হাঁসল এবং তার অপরাধ ক্ষমা করে দিল।

ঘটনা (২৫) এক কবি একজন ধনি ব্যক্তির প্রশংসা করে কিছুই পেল না। অতঃপর তার নিন্দা করল। ধনি ব্যক্তি তাকে কিছুই বলল না। দ্বিতীয় দিন কবি তার দ্বারে গিয়ে বসল। ধনি ব্যক্তি বলল ঃ হে কবি! তুমি প্রশংসা করেছ আমি কিছুই দেইনি, নিন্দা করেছ আমি কিছুই বলিনি। এখন এখানে কেন বসে আছ? কবি বলল ঃ এখন আমি চাই যে, যদি তুমি মারা যাও তাহলে তোমার বিষাদ-সংগীত (শোকগাঁথা) গাইব।

حکایت(۲۶) پادشاہے در خواب دید کہ تمام دندانہائے او افتادند۔ از منجمے تعبیرِ آں پرسید۔ منجم گفت کہ اولاد و اقارب پادشاہ ہمہ روبروئے پادشاہ خواہند مرد۔ پادشاہ در خشم شد و منجم را قید کرد۔ دیگر منجم را طلبید۔ تعبیرِ آں خواب پرسید۔ عرض کرد کہ از ہمہ اولاد و اقاربِ خود پادشاہ عالم پناہ زیادہ خواہند زیست۔ پادشاہ ایں نکتہ را پسندید و انعام داد۔

حکایت(۲۷) شخصے مرتبۂ بزرگ یافت۔ دوستے برائے تہنیت پیشِ او رفت۔ آں کس پرسید کیستی وچرا آمدۂ؟ دوست او شرمندہ شد۔ گفت۔ مرا نہ شناسی کہ من دوست قدیم توام۔ برائے تعزیت نزد تو آمدہ ام۔ زیرا کہ شنیدہ ام کور شدۂ۔

শব্দ বিশ্লেষণ (২৬) دندانہا - دندان এর বহুবচন- অর্থ: দাঁত, منجم - জ্যোতিষী, تعبیر - সপ্নের ব্যাখ্যা, اقارب - আত্মিয়-স্বজন, خشم - রাগ, عالم پناہ - বাদশাহ, خواہند زیست - জীবিত থাকা, نکتہ - সূক্ষ্ম কথা।

শব্দ বিশ্লেষণ (২৭) مرتبۂ بزرگ - বড় মর্যাদা, تہنیت - মোবারকবাদ দেয়া, قدیم - পুরাতন, تعزیت - শোক করা, کور - অন্ধ।

ঘটনা (২৬) এক বাদশাহ স্বপ্নে দেখল যে, তার সব দাঁত পড়ে গেছে। এক জ্যোতিষিকে এর ব্যাখ্যা জিজ্ঞেস করল। জ্যোতিষি বলল ঃ বাদশাহর সব সন্তান এবং আত্মীয়-স্বজন বাদশাহর সামনে মারা যাবে। বাদশাহ রাগান্বিত হয়ে জ্যোতিষিকে কয়েদ করল। আরেকজন জ্যোতিষি ডেকে স্বপ্নে ব্যাখ্যা জানতে চাইল। সে বলল ঃ বাদশাহ জাহাপনা সকল সন্তান এবং আত্মীয়-স্বজনদের চেয়ে বেশি দিন বেঁচে থাকবেন। বাদশাহ এই সূক্ষ্ম কথাটিকে পছন্দ করল এবং পুরস্কার দিল।

ঘটনা (২৭) এক ব্যক্তি উচ্চ মর্যাদা পেল। এক বন্ধু মোবারকবাদ দেয়ার জন্য তার কাছে গেল। সে জিজ্ঞেস করল ঃ তুমি কে? কেন এসেছ? তার বন্ধু লজ্জা পেল এবং বলল ঃ তুমি কি আমাকে চিনতে পারোনি? আমি তোমার পুরাতন বন্ধু। শোক জানাতে তোমার কাছে এসেছি। কেননা আমি শুনেছি তুমি অন্ধ হয়ে গেছ।

حکایت(۲۸) پادشاہے در جنگ شکست یافت۔ شخصے از فوج دشمن اورا گرفت ونشناخت کہ پادشاہ است۔ اسبابِ خود بر سرِ او نہادہ چوں بمنزلِ خود رسید۔ قدرے برنج اورا داد کہ بپزد وبخورد۔ پادشاہ بسیار گرسنہ بود۔ برنج را در سبو کردہ بر آتش نہاد وخود از آتش دور نشست۔ سگے آمد۔ سبو را گرفت وگریخت۔ پادشاہ خندید آں شخص بر پادشاہ غصہ شد۔ وگفت اے احمق سگ سبوئے ترا برد وتو خندہ می کنی۔ بگو سبب چیست؟ پادشاہ خاموش ماند۔ چوں تازیانہ خورد گفت۔ روزے چناں بودم کہ ہر گاہ برائے شکار می رفتم۔ صد شتر اسباب باورچی خانہ بامن ہمراہ می رفت۔ امروز چناں ہستم کہ مشتے برنج را ہم سگ نہ گذاشت۔ آں شخص عذر تقصیرات نمود وگذاشت۔

শব্দ বিশ্লেষণ (২৮) جنگ - যুদ্ধ, شکستن - ভাঙ্গা, فوج - লশকর, اسباب - মালামাল, منزل - ঘর, برنج - চাউল, بپزد - পাকানো, گرسنہ - ক্ষুধার্ত, سبو - কলস, سگ - কুকুর, مشتے - এক মুষ্টি।

ঘটনা (২৮) এক বাদশাহ যুদ্ধে হেরে গেল। শত্রু দলের এক ব্যক্তি তাকে গ্রেফতার করল এবং চিনতে পারল না যে, সে বাদশাহ। নিজের সব মাল তার মাথায় তুলে দিল। যখন নিজ গৃহে পৌঁছাল তখন কিছু চাউল দিল যে, সে যেন রান্না করে এবং খায়। বাদশাহ অনেক ক্ষুধার্থ ছিল। চাউল ডেগচিতে ডেলে আগুনের উপর রাখল এবং নিজে আগুন থেকে দূরে গিয়ে বসল। একটি কুকুর আসল এবং ডেকচি নিয়ে দৌড়াল। বাদশাহ হাঁসল। ঐ ব্যক্তি বাদশাহর প্রতি রাগান্বিত হল এবং বলল ঃ হে আহমক! কুকুর তোমার ডেকচি নিয়ে গেল আর তুমি হাঁসছ। বলোতো এর কারণ কি? বাদশাহ চুপ থাকল। যখন চাবুক খেল, তখন বলল ঃ এমনও একদিন ছিল যে, আমি শিকার করতে যেতাম একশ উট ও রান্নাঘরের সকল জিনিসপত্র আমার সাথে সাথে যেত এবং আজ এমন হল যে, এক মুষ্ঠি চাউলও কুকুর ছাড়ল না। সে ব্যক্তি নিজ ভুলে ক্ষমা চাইল এবং বাদশাহকে ছেড়ে দিল।

حکایت(۲۹) روزے مرغے بر درختے نشستہ بود۔ پادشاہ اورا دید وبا حاضراں گفت کہ ایں رابہ تیر خواہم کشت۔ تیر وکمان گرفت و تیر بر مرغ انداخت۔ تیر خطا کرد ومرغ پرید۔ پادشاہ بسیار خجل گردید۔ شخصے برائے دفع خجلت پادشاہ عرض کہ پادشاہ اگرچہ اول مرغ کشتن خواست می توانست۔ لیکن بر جانِ اُو رحم کرد و قصداً خطا نمود۔

حکایت(۳۰) شخصے یک طوطی را پرورد واو را زبان پارسی آموخت۔ وہر چند سعی کرد، آں طوطی جز ایں "دریں چہ شک" دیگر یاد نہ گرفت۔ آں مرد ہر چہ سوال می کرد طوطی در جوابِ آں شخص می گفت "دریں چہ شک" روزے آں شخص طوطی را در بازار برائے فروختن برد۔ وصد روپیہ قیمتِ آں ظاہر کرد۔

শব্দ বিশ্লেষণ (২৯) پرید - উড়া, خجل - লজ্জিত, خجلت - লজ্জা।

শব্দ বিশ্লেষণ (৩০) سعی - চেষ্টা, مغل - যারা আসলে তুরকিস্তানী জাতি, حماقت - বোকামি।

ঘটনা (২৯) একদিন একটি পাখি গাছের উপর বসা ছিল। বাদশাহ পাখিটি দেখে উপস্থিত সভাকে বলল ঃ আমি পাখিটি তীর দিয়ে মেরে ফেলব। সে তীর এবং কামান ধরল এবং তীর পাখিটির উপর নিক্ষেপ করল। তীর লাগল না এবং পাখিটি উড়ে গেল। বাদশাহ অনেক লজ্জিত হল। বাদশাহর লজ্জা দূর করার জন্য এক ব্যক্তি বলল ঃ বাদশাহ যদিও প্রথমে পাখিটি মারতে চেয়েছিলেন। সে মারতে পারতেন। কিন্তু পাখিটির প্রাণে দয়া করলেন তাই ইচ্ছা করেই তীর লাগাননি।

ঘটনা (৩০) এক ব্যক্তি একটি তোতা পাখি পেলেছে এবং তাকে ফারসী ভাষা শিখালো। অনেক চেষ্টা করেছে কিন্তু পাখিটি এই কথা ''دریں چہ شک'' ব্যতীত দ্বিতীয় কোন শব্দ শিখল না। ঐ ব্যক্তি যে কোন প্রশ্ন করত তোতা পাখি এর উত্তরে বলতঃ ''دریں چہ شک''। একদিন ঐ ব্যক্তি তোতা পাখিটি বাজারে বিক্রির জন্য নিয়ে গেল এবং এর মূল্য একশ টাকা প্রকাশ করল।

مغلے از طوطی پرسید کہ تو لائقِ صد روپیہ ہستی۔ طوطی می گفت "دریں چہ شک" آں مغل خوشنود شد و طوطی را خریدہ بخانۂ خود برد۔ آں مغل ہر سخن کہ با طوطی می گفت۔ جوابِ آں "دریں چہ شک" می یافت۔ مغل چوں چناں دید۔ در دلِ خود پشیماں وشرمندہ گردید وگفت۔ چہ حماقت کردم کہ چنیں طوطی را خریدم۔ طوطی گفت "دریں چہ شک" مغل را تبسم آمد وطوطی را آزاد کرد۔

حکایت(۳۱) روزے پادشاہے معہ شاہزادہ بشکار رفت۔ چوں ہوا گرم شد وآفتاب بوسط سماء رسید۔ پادشاہ وشاہزادہ لبادۂ خود را بر دوشِ مسخرہ نہادند۔ پادشاہ تبسم کرد وگفت۔ اے مسخرہ بر تو بار یک خر است۔ گفت نہ اے خداوند بلکہ بار دو خر است۔

শব্দ বিশ্লেষণ (৩১) وسط سماء - আকাশের মধ্যখানে, لبادہ - জামা, دوش - কাঁধ, مسخرہ - কৌতুকি, بار - বোঝা, خر - গাধা।

মোগল তোতাকে জিজ্ঞেস করল ঃ তুমি কি একশ টাকার যোগ্য? তোতা পাখি উত্তরে বলল ঃ ''دریں چہ شک'' অর্থ- এতে কি সন্দেহ? সেই মোগল খুশি হল। তোতা পাখিটি কিনে নিজ বাসায় নিয়ে গেল। ঐ মোগল তোতাকে যে কথাই জিজ্ঞেস করত, তার উত্তর “এতে কি সন্দেহ?” ছিল। মোগল যখন এমন দেখল সে নিজ মনে খুব লজ্জা বোধ করল এবং পেরেশান হল। সে বললঃ কি বোকামি করেছি, এমন একটি তোতা পাখি কিনেছি। তোতা বললঃ “এতে কি সন্দেহ?”। মোগলের হাঁসি পেল এবং তোতাকে মুক্তি করে দিল।

ঘটনা (৩১) একদিন এক বাদশাহ এবং তার ছেলে শিকার করতে গেল। যখন বাতাস গরম হল এবং সূর্য আকাশের মাঝামাঝি পৌঁছাল বাদশাহ এবং রাজকুমার তাদের কোট কৌতুকির মাথার উপর রাখল এবং বাদশাহ মুচকি হেঁসে বললঃ হে কৌতুকি! তোমার উপর এক গাধার বোঝা। কৌতুকি বলল ঃ হে বাদশাহ! এক নয় বরং দুটি গাধার বোঝা।

حکایت (۳۲) مسخرۂ بازنے نکاح کرد۔ بعد از چہار ماہ زنِ او پسر زائید۔ شوہر را گفت کہ ایں پسر ارا چہ نام خواہی نہاد؟ گفت "پیکِ تیز رفتار" چرا کہ راہِ نہ ماہ در چہار ماہ طے کرد۔

